



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিববর্ষ) উপলক্ষ্যে বঙ্গবন্ধুর কাছে খোলা চিঠি লেখা প্রতিযোগিতা



জাপানে বসবাসরত সকল বাংলাদেশী ভাইবোনদের অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে বাংলাদেশ দূতাবাস, টোকিও, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিববর্ষ) উপলক্ষ্যে বঙ্গবন্ধুর কাছে খোলা চিঠি লেখা প্রতিযোগিতার আয়োজন করেছে।

বঙ্গবন্ধুর কাছে নিজের মনের ভাব প্রকাশ করা কিংবা বর্তমান প্রেক্ষাপটে বঙ্গবন্ধুর চিন্তা ও দর্শন ইত্যাদি বিষয়ে নতুন প্রজন্মের ভাবনা প্রকাশের সুযোগ সৃষ্টির মাধ্যমে বঙ্গবন্ধুকে নতুন প্রজন্মের আরও কাছে নিয়ে আসাই এই আয়োজনের মূল উদ্দেশ্য।

করোনা মহামারির বিষয়টি বিবেচনায় রেখে এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের হাতে লেখা চিঠি (এক কপি ছবিসহ) অনলাইনে (ইমেইল - crpolitical.tokyo@mofa.gov.bd) অথবা ডাকযোগে (দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, টোকিও, ৩-২৯ কিয়োইচো, চিয়োদা-কু, ১০২-০০৯৪ বরাবর) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

অংশগ্রহণকারী:

ক গ্রুপ: ০৮ থেকে ১৮ বছর

খ গ্রুপ: ১৮+ বছর

লেখার মাধ্যম:

বাংলা / ইংরেজি/ জাপানি

(যেকোন একটি ভাষায়)

লেখার আকার:

ক গ্রুপ: ১০০০ শব্দ

খ গ্রুপ: ২০০০ শব্দ

লেখা পাঠানোর শেষ সময়:

৩০ নভেম্বর ২০২১

বি.দ্র.

১। লেখায় স্বকীয়তা বজায় রাখতে হবে;

২। বিজয়ীদের পুরস্কার প্রদানের পাশাপাশি বাছাইকৃত চিঠিগুলো নিয়ে একটি সংকলন প্রকাশ করা হবে।